আমরা জনগণের পক্ষে
বাংলাদেশ প্রতিদিন

# উত্তরা ইউনিভার্সিটিতে কফি উইথ এসওবি অ্যালামনাই অনুষ্ঠিত

১১ মে, ২০২৪ ০৬:৩৪

অনলাইন ডেস্ক




উত্তরা ইউনিভার্সিটির অফিস অব এক্সটার্নাল অ্যাফেয়ার্সের উদ্যোগে উত্তরা ইউনিভার্সিটির স্কুল অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের অ্যালামনাইদের নিয়ে কফি উইথ এসওবি অ্যালামনাই অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার (১০ মে) ইউনিভার্সিটির মাল্টিপারপাস হলে দুপুর ৩টায় এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উত্তরা ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. ইয়াসমীন আরা লেখা এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উত্তরা ইউনিভার্সিটির উপ-উপাচার্য প্রফেসর ড. গৌর গোবিন্দ গোস্বামী।

এতে আরও উপস্থিত ছিলেন স্কুল অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের ডিন প্রফেসর ড. এএসএম শাহাবুদ্দিন, ডিপার্টমেন্ট অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের চেয়ারম্যান কাজী তারেক উল্লাহ।

উত্তরা ইউনিভার্সিটির স্কুল অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন থেকে গ্রাজুয়েশন সম্পন্ন করে বাংলাদেশসহ আন্তর্জাতিক পর্যায়ের বিভিন্ন প্রতিষ্ঠান ও কর্মক্ষেত্রে যারা মেধার স্বাক্ষর রেখে যাচ্ছে এমন ১৫ জন অ্যালামনাইকে নিয়ে আয়োজন করা হয় এ অনুষ্ঠানের।

অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন উত্তরা ইউনিভার্সিটির ব্যবসায় প্রশাসন বিভাগের সহযোগী অধ্যাপক সোনিয়া রেজিনা ও অ্যালামনাই সদস্য খাইরুল ইসলাম সাজিন।

বিডি-প্রতিদিন/আব্দুল্লাহ